



## অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স

### ভূমিকা

১৯৯২ সালে প্রতিষ্ঠিত জাতীয় বিশ্ববিদ্যালয় ঢাকা শহর থেকে মাত্র ৩০ কি.মি. দূরে গাজীপুরে অবস্থিত। বিশ্ববিদ্যালয়টির ২২০০টিরও অধিক অধিভুক্ত কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে যার মাধ্যমে এটি বিভিন্ন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিসহ সকল শিক্ষা কার্যক্রম পরিচালনা করে থাকে। দেশের উচ্চশিক্ষা কার্যক্রমের শতকরা ৭০ ভাগই পরিচালিত হয়ে থাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে। বিশ্ববিদ্যালয়টি উইকিপিডিয়ার পরিসংখ্যানে ছাত্রছাত্রীর দিক থেকে বিশ্বে দ্বিতীয়। সম্প্রতি বিশ্ববিদ্যালয়টি অর্জন করেছে শ্রেষ্ঠ আঞ্চলিক বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক স্বীকৃতি। বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীর সংখ্যা ২১ লক্ষাধিক এবং এর সকল কর্মকাণ্ড পরিচালিত হয় তথ্য-প্রযুক্তির সাহায্যে।



### প্রোগ্রাম পরিচিতি

সম্প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয় নিজ ক্যাম্পাসে বেশ কিছু বিষয়ে এমএএস (মাস্টার অব এডভান্সড স্টাডিজ) প্রোগ্রাম চালু করেছে। তার ধারাবাহিকতায় গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে এমএএস, এমফিল ও পিএইচডি প্রোগ্রাম চালু করা হয়েছে। ক্রমবর্ধমান চাহিদার কথা বিবেচনা করে এবং শিক্ষার গুণগতমান যথাযথভাবে অক্ষুণ্ন রাখতে বর্তমান প্রশাসন জাতীয় বিশ্ববিদ্যালয়ে অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামটি চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

### প্রোগ্রামের উদ্দেশ্য

- ১। বর্তমান সরকার জাতীয় শিক্ষানীতি-২০১০ এর আলোকে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি মানসম্মত গ্রন্থাগার ও একজন ডিগ্রীধারী পেশাদার গ্রন্থাগারিক রাখার বিধান রেখেছে। মানসম্মত শিক্ষা নিশ্চিত করে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দক্ষ পেশাজীবী তৈরি করাই এ প্রোগ্রামের মূল উদ্দেশ্য।
- ২। দেশ-বিদেশে সরকারি ও বেসরকারি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক, তথ্য কর্মকর্তা, নলেজ ম্যানেজমেন্ট কর্মকর্তা,

ডকুমেন্টেশন অফিসার, আর্কাইভিস্ট, রেকর্ড কিপার প্রভৃতি পদে চাকুরীর ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও খুবই স্বল্প সংখ্যক প্রতিষ্ঠান এ ডিগ্রী প্রদান করায় এ পেশায় বিশাল শূন্যতা বিদ্যমান। এই প্রোগ্রামের মাধ্যমে এ শূন্যতা পূরণ করা সম্ভব হবে।

৩। শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের সংখ্যাই হলো ২২০০টি। সরকারের প্রজ্ঞাপন অনুযায়ী এর জন্য ২২০০ সহকারী গ্রন্থাগারিক দরকার। অথচ উক্ত কলেজগুলোর মধ্যে প্রায় ৮০% কলেজেই সহকারী গ্রন্থাগারিকের পদ শূন্য দেখা যায়। এ প্রোগ্রাম চালুর ফলে উক্ত কলেজগুলোতে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে।

### প্রোগ্রামের মেয়াদ

\* জাতীয় বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (PGD) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স এর মেয়াদকাল হবে ০১ (এক) বছর।

\* পাঠদান কার্যক্রম ২ টি সেমিস্টারে বিভক্ত করে সম্পন্ন করা হবে।

### ভর্তির যোগ্যতা

জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত কলেজ হতে যে কোন বিষয়ে স্নাতক (পাস/সম্মান) বা সমমান ডিগ্রীধারী শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্ত অনুযায়ী ডিপ্লোমা কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে ভর্তি হতে পারবে। শিক্ষা জীবনে এসএসসি থেকে স্নাতক (পাস/সম্মান) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট অথবা গ্রেড পয়েন্ট ০৭ (সাত) থাকতে হবে।

### ভর্তি পরীক্ষা

আবেদনকারী শিক্ষার্থীদের ৫০ নম্বরের লিখিত পরীক্ষায় (বাংলা-২০, ইংরেজি-১০ ও সাধারণ জ্ঞান-২০) অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

### সেমিস্টার ভিত্তিক নম্বর বন্টন

সেমিস্টার	মোট নম্বর	মোট ক্রেডিট
১ম	৪০০	১৬
২য়	৬০০	২৪

### পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসাবে ক্লাসে সর্বনিম্ন ৭৫% উপস্থিতি থাকতে হবে।

### শিক্ষকবৃন্দ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের শিক্ষকবৃন্দ ছাড়াও খ্যাতিমান পেশাজীবীদের সমন্বয়ে এই কোর্স পরিচালিত হবে।

### সুযোগ-সুবিধাসমূহ

- ১। স্বল্প খরচে ডিগ্রিলাভ ও বৃত্তির সুযোগ ২। অত্যাধুনিক সিলেবাস ৩। উন্নতমানের গ্রন্থাগার সেবা ৪। আধুনিক শ্রেণিকক্ষ ও কম্পিউটার ল্যাবসহ যুগপোযোগী ব্যবহারিক সামগ্রী ৫। বিশ্ববিদ্যালয়ের পরিচয়পত্র ৬। উত্তীর্ণদের বিশ্ববিদ্যালয় কর্তৃক আলাদা সনদ প্রদান।

### টিউশন ফি\*

নং	ফি সমূহ	টাকা
ক)	আবেদন ফরম	৫০০
খ)	ভর্তি ফি	১০০০
গ)	রেজিস্ট্রেশন	১০০০
ঘ)	বেতন (১০০০ টাকা হারে/প্রতি মাসে)	১২০০০
ঙ)	প্রোগ্রাম সমন্বয়, উন্নয়ন ও সেমিনার বাবদ **	৩০০০
চ)	লাইব্রেরী কশন মানি (ফেরতযোগ্য)	৩০০০
ছ)	সেমিস্টার ফি	১৫০০
জ)	ভর্তি বাতিল	৫০০
ঝ)	অধ্যয়নরত/ অ্যাপিয়ার্ড সার্টিফিকেট ফি	৫০০

\* সময়ের সঙ্গে পরিবর্তন সাপেক্ষে

\*\* প্রোগ্রাম সমন্বয়, উন্নয়ন ও সেমিনার বাবদ ৩০০০/- (তিন ও কোর্স সমন্বয়কারীর যৌথ হিসাব নম্বরে ভর্তির সময়ে জমা দিতে হবে)



### NU Offers.....

Post-Graduate Diploma in  
Library & Information Science



### অনলাইনে আবেদন প্রক্রিয়া

নিম্নের লিংক দেখুন-

[http://www.nubd.info/on\\_campus/apply\\_lib/](http://www.nubd.info/on_campus/apply_lib/)

### বিস্তারিত জানতে যোগাযোগ করুন

### ড. মোঃ নাসির উদ্দিন

প্রফেসর ও কোর্স সমন্বয়কারী, লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স

মোবাইল : ০১৭১৩০৯২৭৯২

E-mail : mitulnasiruddin@gmail.com

অথবা,

ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণাকেন্দ্র

৪র্থ তলা, একাডেমিক ভবন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪।

মোবাইল : ০১৭১১৩৯০৪৩২.



লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স  
জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪